তারিখ ৪/১০/2000
পৃষ্ঠা ১০ কলাম ৬

ভোরের কাগজ

### নতুন জাতীয় শিক্ষানীতির পক্ষে-বিপক্ষে

# ছাত্রসমাজের প্রতি অঙ্গীকার পূরণ : ছাত্রলীগ
# শিক্ষানীতি গণবিরোধী : ছাত্রঐক্য

**কাগজ প্রতিবেদক :** মন্ত্রিসভার বৈঠকে জাতীয় শিক্ষানীতি অনুমোদিত হওয়ায় বাংলাদেশ ছাত্রলীগ প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার মন্ত্রিপরিষদের সদস্যদের অভিনন্দন জানিয়েছে। অন্যদিকে কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য ঘোষিত শিক্ষানীতিকে গণবিরোধী আখ্যায়িত করে তা প্রতিহত করার ডাক দিয়েছে।

ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারী এবং সাধারণ সম্পাদক অজয় কর খোকন গতকাল সোমবার দেওয়া এক বিবৃতিতে বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় শিক্ষানীতি প্রণয়নের জন্য ড. কুদরতই-খুদা কমিশন গঠন করেছিলেন। জাতির জনকের নৃশংস হত্যাকাণ্ডের সঙ্গে সঙ্গে স্বাধীন জাতির শিক্ষানীতিও অপহৃত হয়। তারপর দীর্ঘ ২১ বছরে বাঙালি জাতির কোনো শিক্ষানীতি ছিল না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দায়িত্ব গ্রহণের পর পরই ড. শামসুল হক কমিশন গঠন করে ছাত্রসমাজের প্রতি তাঁর অঙ্গীকার পূরণ করেছেন। বিবৃতিতে তথ্য প্রযুক্তি খাতে বর্ধিত অবকাঠামো সৃষ্টিসহ ইংরেজি শিক্ষার ব্যবস্থা আরো পোক্ত করার জন্য বাংলাদেশ ছাত্রলীগ আহ্বান জানিয়েছে।

কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্যের নেতৃবৃন্দ গতকাল দেওয়া বিবৃতিতে বলেছেন, শামসুল হকের নেতৃত্বে গঠিত এ কমিটি যে প্রস্তাবনা হাজির করেছে তাতে এ দেশের ছাত্র-জনতার দীর্ঘ দিনের লড়াইয়ে অর্জিত আকুতি-সর্বজনীন, বিজ্ঞানভিত্তিক, সেক্যুলার, একই ধারার শিক্ষার দাবিকে চরমভাবে উপেক্ষা করা হয়েছে। এ রিপোর্টে শিক্ষাকে সাম্প্রদায়িকীকরণ, বেসরকারিকরণ, শিক্ষা সংকোচন এবং বহুভাগে বিভক্ত করার ব্যবস্থা করা হয়েছে। এমনকি মহান মুক্তিযুদ্ধের চেতনার প্রতিও ন্যূনতম শ্রদ্ধা পোষণ করেনি। নেতৃবৃন্দ বলেন, যদি এ সুপারিশ বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়, গণতান্ত্রিক ছাত্রঐক্য ছাত্র-জনতাকে সঙ্গে নিয়ে এটা প্রতিরোধ করবে। প্রয়োজনে সরকারকেও উচ্ছেদ করা হবে।